মুজিবনগরে ডাচ্-বাংলা এজেন্ট ব্যাংকের ম্যানেজারকে অজ্ঞান করে টাকা লুট

মুজিবনগরে দিনে দুপুরে ডাচ বাংলা এজেন্ট ব্যাংকের ম্যানেজার কে অজ্ঞান করে টাকাপয়সা লুট করা হয়েছে।

ব্যাংকের এজেন্ট বিপ্লব জানান,আজ সোমবার দুপুরে মুজিবনগর উপজেলার শিবপুর গ্রামের গলাকাটার মোড় সংলগ্ন (মেসার্স বিপ্লব এন্টারপ্রাইজ) এর পরিচালিত ডাচ বাংলা এজেন্ট ব্যাংকিং শাখার ম্যানেজার শিবপুর গ্রামের রাহিদুল শেখ এর ছেলে মোহাম্মদ সাগর শেখ (২৭) কে বা কাহারা ব্যাংকের মধ্যে অজ্ঞান করে ব্যাংকের টাকা পয়সা নিয়ে চলে যায়।

অজ্ঞান করার পূর্বে উক্ত ব্যাংকের Wi-Fi লাইন বিচ্ছিন্ন করে। কিছুক্ষণ পর আশপাশের লোকজন সাগরকে ব্যাংকের মধ্যে অচেতন অবস্থায় দেখে উদ্ধারপূর্বক মুজিবনগর স্বাস্থ্য কমপ্লেক্স এ নিয়ে আসেন। বর্তমান ম্যানেজার সাগর স্বাস্থ্য কমপ্লেক্স এ ভর্তি আছে এবং সকলকে তাকিয়ে দেখছেন কিন্তু কথা বলতে পারছেন না। কথা বলতে না পারার কারণে কত টাকা ডাকাতি হয়েছে এই মুহূর্তে জানানো সম্ভব হচ্ছে না ব্যাংকের ম্যানেজার সাগর শেখ কথা বলা মত অবস্থায় আসলে টাকার পরিমাণটা জানা যাবে।

এ বিষয়ে মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) উজ্জ্বল কুমার দত্ত জানান, ঘটনা স্থলে পুলিশ পাঠানো হয়েছিল যেহেতু ব্যাংকের ম্যানেজার অজ্ঞান অবস্থায় আছে এজন্য প্রকৃত ঘটনা সম্পর্কে আমরা জানতে পারি নাই। তবে আমরা প্রাথমিক তদন্তে যেটুকু জানতে পেরেছি এটা কোন ডাকাতির ঘটনা না ব্যাঙ্ক বন্ধ করার আগ মুহূর্তে দুইজন ব্যক্তি ব্যাংকে প্রবেশ করে তারা বের হয়ে যাওয়ার পরপরই ব্যাংকের ম্যানেজারের অসুস্থ বোধ করে এবং অজ্ঞান হয়ে যায়। টাকা পয়সা লুট হয়েছে কিনা সেটি এখন বলা যাচ্ছে না। সে কথা বলার মত অবস্থায় আসলে ই প্রকৃত ঘটনা সম্পর্কে জানা যাবে এ বিষয়ে পুলিশ তৎপর রয়েছে।